গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-৩ অধিশাখা
www.mincom.gov.bd

স্মারক নম্বর ২৬.০০.০০০০.১১৩.০৬.০৩৯.২০.১০২

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮ / ২৭ ফেব্রুয়ারি ২০২২

## পরিপত্র-৩

**বিষয় : পবিত্র রমজান উপলক্ষ্যে ভর্তুকি মূল্যে নিম্ন আয়ের মানুষের নিকট টিসিবির নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি পরিকল্পনা ও কৌশল বাস্তবায়ন নির্দেশিকা-২**

আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে সরকার সমগ্র বাংলাদেশের সকল সিটি কর্পোরেশন, জেলা, উপজেলা, পৌরসভা এবং ইউনিয়ন পর্যায়ে নিম্ন আয়ের ০১ (এক) কোটি পরিবারের নিকট রমজান শুরুর আগে ও রমজানের মাঝামাঝি মোট ০২ (দুই) বার টিসিবি'র পণ্যসামগ্রী ভর্তুকি মূল্যে বিক্রির সিদ্ধান্ত গ্রহণ করেছে। তন্মধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় পূর্বের ন্যায় **ট্রাক সেলের মাধ্যমে** (তালিকা প্রণয়ন ব্যতীত) পণ্যসামগ্রী নিম্ন আয়ের পরিবারের নিকট ভর্তুকি মূল্যে বিক্রি করা হবে। অন্যান্য সকল স্থানে (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং বরিশাল সিটি কর্পোরেশন এলাকা ব্যতীত) নির্ধারিত মানদন্ডের ভিত্তিতে উপকারভোগী বাছাইয়ের মাধ্যমে একটি তালিকা প্রণয়ন করে টিসিবি'র পণ্যসামগ্রী **ফ্যামিলি কার্ডের মাধ্যমে** বিক্রি করা হবে। এ সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে টিসিবি'র পণ্যসামগ্রী পরিবহন, সংরক্ষণ, উপকারভোগী নির্বাচন ও যথাসময়ে অবহিতকরণ এবং নিম্ন আয়ের মানুষের নিকট পণ্য বিক্রি কার্যক্রম মনিটরিং এর জন্য নিম্নরূপ নির্দেশিকা জারী করা হলো:

**১.০০ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় ভর্তুকি মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি:**

১.০১ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় ট্রাকসেল এর মাধ্যমে ভর্তুকি মূল্যে টিসিবি'র পণ্য বিক্রি করা হবে।

১.০২ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে আলোচনা করে টিসিবি ট্রাকসেল এর স্পট, তারিখ, সময় ও সংখ্যা নির্ধারণ করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পুলিশ কমিশনার এবং বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করবে।

১.০৩ পুলিশ কমিশনার, ঢাকা ও বরিশাল টিসিবি'র পণ্য বিক্রি কার্যক্রমে সহায়তার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করবেন।

১.০৪ অসাধু লোকজন যাতে টিসিবি'র পণ্য ক্রয় করে কোন দোকানে মজুদ বা বিক্রি করতে না পারে সে বিষয়ে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বাজার সমিতির সাথে সভা করে মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ করবে।

১.০৫ টিসিবি'র মালামাল মজুদের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ০১ (এক) টি এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ০১ (এক) টি গুদাম সাময়িকভাবে বরাদ্দ প্রদান করবে।

১.০৬ বরাদ্দকৃত গুদামে টিসিবি স্বীয় জিম্মায় মালামাল সংরক্ষণ করবে এবং গুদাম থেকে ডিলারের নিকট মালামাল হস্তান্তর করবে।

১.০৭ বাণিজ্য মন্ত্রণালয়, জেলা প্রশাসক, ঢাকা ও জেলা প্রশাসক, বরিশাল ট্রাকসেল কার্যক্রম তদারকি করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করবে।

১.০৮ বাণিজ্য মন্ত্রণালয় এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কমপক্ষে আটটি মনিটরিং টিম গঠন করবে। এ সকল মনিটরিং টিম বাণিজ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে। বাণিজ্য মন্ত্রণালয় বিক্রি কার্যক্রম সম্পর্কে সাপ্তাহিক ভিত্তিতে প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে।

খন্দকার নুরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

১.০৯ **ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় ভর্তুকি মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরুপভাবে একটি মনিটরিং কমিটি গঠন করা হবে:**

| | | | |
|---|---|---|---|
| ০১. | মাননীয় মেয়র | - | উপদেষ্টা |
| ০২. | সচিব (সংশ্লিষ্ট কর্পোরেশন) | - | সভাপতি |
| ০৩. | জেলা প্রশাসকের প্রতিনিধি (০১ জন) | - | সদস্য |
| ০৪. | পুলিশ কমিশনারের প্রতিনিধি (০১ জন)<br>(প্রযোজ্য ক্ষেত্রে পুলিশ সুপারের প্রতিনিধি) | - | সদস্য |
| ০৫. | আঞ্চলিক/জেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি (০১ জন) | - | সদস্য |
| ০৬. | সমাজসেবা কার্যালয়ের প্রতিনিধি (০১ জন) | - | সদস্য |
| ০৭. | গন্যমান্য ব্যক্তি ০২ (দুই জন) (মাননীয় মেয়র কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ০৮. | স্থানীয় ওয়ার্ড কাউন্সেলর (স্ব-স্ব ওয়ার্ডের জন্য) | - | সদস্য |
| ০৯. | প্রধান রাজস্ব কর্মকর্তা/এস্টেট অফিসার | - | সদস্য সচিব |

১.১০ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় ট্রাকসেল এর মাধ্যমে টিসিবির পণ্য বিক্রি কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যে নিম্নরুপভাবে প্রতিটি ওয়ার্ডে একটি করে ওয়ার্ড ভিত্তিক **ট্যাগ টিম** গঠন করতে হবে। এ ট্যাগ টিম সার্বক্ষণিকভাবে উপস্থিত থেকে বিক্রি কার্যক্রম তদারকি করবে এবং বিক্রি শেষে যথাযথভাবে টিসিবির পণ্য বিক্রি করা হয়েছে মর্মে প্রত্যয়ন **[(নমুনা: পরিশিষ্ট-১ (ক)]** করবে;

| | | | |
|---|---|---|---|
| ০১. | ওয়ার্ড কাউন্সিলর | - | সভাপতি |
| ০২. | স্যানিটারি ইন্সপেক্টর | - | সদস্য |
| ০৩. | সহকারী সমাজ কল্যান কর্মকর্তা | - | সদস্য |
| ০৪. | পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত ০১ জন সাব-ইন্সপেক্টর | - | সদস্য |
| ০৫. | ওয়ার্ড সচিব | - | সদস্য সচিব |

**২.০০ অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় (ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ এবং বরিশাল সিটি কর্পোরেশন ব্যাতীত) ভর্তুকি মুল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি:**

**২.০১** উপকারভোগী বাছাই ও পণ্য বিক্রি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকার জন্য নিম্নরূপভাবে উপকারভোগী বাছাই ও মনিটরিং কমিটি গঠন করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| ০১. | **মাননীয় মেয়র** | - | **উপদেষ্টা** |
| ০২. | প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা | - | সভাপতি |
| ০৩. | জেলা প্রশাসকের প্রতিনিধি (০১ জন) | - | সদস্য |
| ০৪. | পুলিশ কমিশনারের প্রতিনিধি (০১ জন)<br>(প্রযোজ্য ক্ষেত্রে পুলিশ সুপারের প্রতিনিধি) | - | সদস্য |
| ০৫. | আঞ্চলিক/জেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি (০১ জন) | - | সদস্য |
| ০৬. | সমাজসেবা কার্যালয়ের প্রতিনিধি (০১ জন) | - | সদস্য |
| ০৭. | গন্যমান্য ব্যক্তি ০২ (দুই জন) (মাননীয় মেয়র কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ০৮. | স্থানীয় ওয়ার্ড কাউন্সেলর (নিজ ওয়ার্ডের জন্য) | - | সদস্য |
| ০৯. | প্রধান রাজস্ব কর্মকর্তা/এস্টেট অফিসার/সচিব | - | সদস্য সচিব |

২.০২ **কমিটির কার্য পরিধিঃ**

(ক) করোনাকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নগদ সহায়তা প্রদানের জন্য প্রণীত ডাটাবেজে বর্ণিত ওয়ার্ড ভিত্তিক উপকারভোগীর তালিকা প্রণয়ন করবে;

(খ) বাণিজ্য মন্ত্রণালয় থেকে প্রেরিত বিভাজন অনুযায়ী নতুন অতিরিক্ত উপকারভোগীর তালিকা প্রণয়ন করতে হবে; (নিম্নের ছক অনুযায়ী Excel শীট ব্যবহার করা যেতে পারে):

| SL_No | Division | City Corporation | Ward_No | Police_Station | Mobile_No | NID_No | Smart_ID_No | Beneficiary_Name | Profession |
|---|---|---|---|---|---|---|---|---|---|

(গ) ক ও খ ক্রমিকে বর্ণিত উপকারভোগীদের তালিকা সংরক্ষণ এবং এক কপি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ;

(ঘ) প্রণীত তালিকার উপকারভোগীদের অনুকূলে ফ্যামিলি কার্ড ইস্যু করবে;

(ঙ) নতুন তালিকা প্রণয়েনের সময় দরিদ্র, অসহায়, স্বল্প আয়ের প্রান্তিক জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিতে হবে এবং পরিবা বাছাই কালে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে;

(চ) প্রতিজন উপকারভোগীর জন্য দুই প্রস্থ ফ্যামিলি কার্ড তৈরী করে এক প্রস্থ উপকারভোগীর নিকট এবং এক প্রস্থ



খন্দকার নূরুল হক
উপসচিব

সংশ্লিষ্ট ডিলারের নিকট প্রেরণ করতে হবে;

(ছ) এ কমিটি ওয়ার্ড ভিত্তিক উপকারভোগীর সংখ্যা, বিক্রির স্পট এবং তারিখ ও সময় নির্ধারণ করে চেয়ারম্যান, টিসিবি এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অবহিত করবে;

(জ) মালামাল বিক্রির জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে ৪ (চার) দিন পূর্বে বিক্রির স্পট, তারিখ এবং সময় উপকারভোগীদের জানিয়ে দিবে;

(ঝ) সংশ্লিষ্ট জেলা প্রশাসকের তত্ত্বাবধানে Authorized Officer এর নিকট থেকে টিসিবির ডিলারগণ জেলার নির্ধারিত গুদাম হতে মালামাল উত্তোলন করে বাছাইকৃত উপকারভোগীদের নিকট ভর্তুকি মূল্যে বিক্রি করবে;

(ঞ) ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করবে;

(ট) পুলিশ কমিশনার/প্রযোজ্য ক্ষেত্রে পুলিশ সুপার টিসিবি'র মালামাল পরিবহন ও বিতরণকালে নিরাপত্তা নিশ্চিত করবেন।

২.০৩ **অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় (ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ এবং বরিশাল সিটি কর্পোরেশন ব্যাতীত) ভর্তুকি মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রির** জন্য প্রতিটি ওয়ার্ডে নিম্নরূপভাবে একটি করে **ট্যাগ টিম গঠন** করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| ০১. | ওয়ার্ড কাউন্সিলর | - | সভাপতি |
| ০২. | স্যানিটারি ইন্সপেক্টর | - | সদস্য |
| ০৩. | সহকারী সমাজ কল্যাণ কর্মকর্তা | - | সদস্য |
| ০৪. | পুলিশ কমিশনার কর্তৃক মনোনীত একজন সাব-ইন্সপেক্টর<br>(প্রযোজ্য ক্ষেত্রে পুলিশ সুপার কর্তৃক মনোনীত একজন সাব-ইন্সপেক্টর) | - | সদস্য |
| ০৫. | ওয়ার্ড সচিব | - | সদস্য সচিব |

২.০৪ **ট্যাগ টিম এর কার্য পরিধি:**

ক. Authorized Officer কর্তৃক ইস্যুকৃতকৃত চালান/ ডিও পরিক্ষা করে পণ্য গ্রহণ করবে; পণ্য বিক্রিকালে সার্বক্ষণিকভাবে উপস্থিত থাকবে; পণ্য বিক্রি শেষে যথাযথভাবে পণ্য বিক্রি হয়েছে মর্মে প্রত্যয়ন করবে **[(নমুনা: পরিশিষ্ট-১ (খ)]**;

খ. দায়িত্বপ্রাপ্ত ট্যাগ টিমের উপস্থিতিতে মালামাল বিক্রির ক্ষেত্রে ডিলারের কাছে সংরক্ষিত কপিতে উপকারভোগী **'বুঝিয়া পাইলাম'** লিখে স্বাক্ষর করবেন এবং উপকারভোগীর কপিতে **'বুঝাইয়া দিলাম'** লিখে ডিলার স্বাক্ষর করবেন;

গ. দায়িত্ব প্রাপ্ত ট্যাগ টিমের সদস্য সচিব মালামাল বিতরণের সুবিধার্থে চালান সংরক্ষণ করবেন;

ঘ. তালিকাভূক্ত উপকারভোগী উপস্থিত না হওয়ার কারণে পণ্য অবিক্রিত থাকলে ট্যাগ টিম এ সংক্রান্ত তথ্য একটি রেজিস্টারে **[(নমুনা: পরিশিষ্ট-২ (ক)]** লিপিবদ্ধ করবেন; পরে উপস্থিত নিম্ন আয়ের মানুষের মাঝে ডিলারগণ উক্ত মালামাল বিক্রি করবে।

ঙ. ট্যাগ টিম এ বিষয়ে Authorized Officer এর নিকট একটি সংক্ষিপ্ত প্রতিবেদন দিবে।

২.০৫ **আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা/ রাজস্ব অফিসার/ এষ্টেট অফিসারের দায়িত্ব:**

২.০৫ (১) সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা/ রাজস্ব কর্মকর্তা/ এস্টেট অফিসার/ মাননীয় মেয়র কর্তৃক মনোনীত কর্মকর্তা মালামাল বিক্রি শেষে স্পট ভিজিট করবেন এবং ট্যাগ টিমের প্রতিবেদন যাচাই করে প্রতিস্বাক্ষর করবেন।

২.০৫ (২) ডিলারগণ ট্যাগ টিমের প্রত্যয়ন পত্রসহ দৈনিক বিক্রি প্রতিবেদন Authorized Officer এর নিকট দাখিল করবেন।

২.০৬ **আইন-শৃংখলারক্ষাকারী বাহিনী ও নির্বাহী ম্যাজিস্ট্রেটের দায়িত্ব:**

২.০৬ (১) পুলিশ কমিশনার/ প্রযোজ্য ক্ষেত্রে পুলিশ সুপারগণ টিসিবি'র মালামাল পরিবহন ও বিতরণকালে নিরাপত্তা নিশ্চিত করবেন।

২.০৬ (২) ভ্রাম্যমাণ নির্বাহী ম্যাজিস্ট্রেগণ বিক্রি কার্যক্রম পরিদর্শন করবেন। নির্বাহী ম্যাজিস্ট্রেটগণকে সহায়তার জন্য পুলিশ সুপার/ পুলিশ কমিশনার প্রয়োজনীয় সংখ্যক ফোর্স মোতায়েন করবে।

খন্দকার নুরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

## ৩.০০ পৌরসভা এলাকায় ভর্তুকি মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি কার্যক্রম;

৩.০১ টিসিবি'র উপকারভোগী বাছাই ও পণ্য বিক্রি কার্যক্রম সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সকল পৌরসভা এলাকায় নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| ০১. | সংশ্লিষ্ট পৌরসভার মেয়র | - | সভাপতি |
| ০২. | জেলা প্রশাসকের প্রতিনিধি (০১ জন) | - | সদস্য |
| ০৩. | পুলিশ সুপারের প্রতিনিধি (০১ জন) | - | সদস্য |
| ০৪. | স্থানীয় ওয়ার্ড কাউন্সেলর (নিজ ওয়ার্ডের জন্য) | - | সদস্য |
| ০৫. | শহর সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| ০৬. | স্থানীয় গন্যমান্য ব্যক্তি ০২ (দুই জন) (মেয়র কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ০৭. | সচিব/সহকারি প্রকৌশলী (সংশ্লিষ্ট পৌরসভা) | - | সদস্য সচিব |

৩.০১ (১) **কমিটির কার্য পরিধি:**

(ক) করোনাকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নগদ সহায়তা প্রদানের জন্য প্রণীত ডাটাবেজে বর্ণিত ওয়ার্ড ভিত্তিক উপকারভোগীর তালিকা প্রণয়ন এবং বাণিজ্য মন্ত্রণালয় থেকে প্রেরিত বিভাজন অনুযায়ী নতুন অতিরিক্ত উপকারভোগীর তালিকা প্রণয়ন করবে। (তালিকা নিম্নের ছক অনুযায়ী Excel শীট ব্যবহার করা যেতে পারে):

| SL_No | Division | District | Pourasova | Ward_No | Mobile_No | NID_No | Smart_ID_No | Beneficiary_Name | Profession |
|---|---|---|---|---|---|---|---|---|---|

(খ) বাছাইকৃত নিম্ন আয়ের মানুষের নিকট ভর্তুকি মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি কার্যক্রম মনিটরিং করবে

(গ) নতুন উপকারভোগীর ডাটাবেজ প্রস্তুত করার ক্ষেত্রে পূর্বে প্রণীত ডাটাবেজ এর দ্বৈততা পরিহার করতে হবে;

(ঘ) নতুন তালিকা প্রণয়েনের সময় দরিদ্র, অসহায়, স্বল্প আয়ের প্রান্তিক জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিতে হবে এবং পরিবার বাছাইকালে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে;

(ঙ) 'ক' তালিকায় বর্ণিত উপকারভোগীদের অনুকূলে ফ্যামিলি কার্ড ইস্যু করবে;

(চ) প্রতিজন উপকারভোগীর জন্য দুই প্রস্থ ফ্যামিলি কার্ড তৈরী করে এক প্রস্থ উপকারভোগীর নিকট প্রেরণ করবে অপর প্রস্থ সংশ্লিষ্ট ডিলারের নিকট প্রেরণ করবে;

(ছ) টিসিবি'র পণ্য বিক্রির জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে ৪ (চার) দিন পূর্বে বিক্রির স্পট, তারিখ এবং সময় উপকারভোগীদের জানিয়ে দিবে;

(জ) ট্রাকসেল ও এ লক্ষ্যে নিয়োজিত ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শণ করবে;

(ঝ) সকল পৌরসভা এলাকায় টিসিবি'র মালামাল পরিবহন ও বিতরণকালে সংশ্লিষ্ট পুলিশ সুপার নিরাপত্তা নিশ্চিত করবেন।

৩.০১ (২) সকল পৌরসভা এলাকায় নিম্নরূপভাবে প্রতিটি ওয়ার্ডে একটি করে **ট্যাগ টিম** গঠন করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| ০১. | দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসার | - | আহ্বায়ক |
| ০২. | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সেলর (নিজ ওয়ার্ডের জন্য) | - | সদস্য |
| ০৩. | ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারি কর্মকর্তা | - | সদস্য |
| ০৪. | ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন সাব-ইন্সপেক্টর | - | সদস্য |

৩.০১ (৩) **ট্যাগ টিমের কার্য পরিধি:**

(ক) টিসিবি কর্তৃক সরবরাহকৃত মালামাল Authorized Officer কর্তৃক ইস্যুকৃত চালান/ডিও অনুযায়ী পরিক্ষা করে গ্রহণ;

(খ) পণ্য বিক্রিকালে সার্বক্ষণিকভাবে উপস্থিত;

(গ) পণ্য বিক্রি শেষে প্রত্যয়ন **[(নমুনা: পরিশিষ্ট-১ (গ)]**;

(ঘ) তালিকাভূক্ত উপকারভোগী উপস্থিত না হওয়ার কারণে পণ্য অবিক্রিত থাকলে ট্যাগ টিম একটি প্রত্যয়ন দিবেন এবং একটি রেজিস্টারে **[(নমুনা: পরিশিষ্ট-২ (খ)]** লিপিবদ্ধ করবেন; পরে উপস্থিত নিম্ন আয়ের মানুষের মাঝে ডিলারগণ মালামাল বিক্রি করবে।

খন্দকার নুরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

**৪.০০ <u>দেশের সকল জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ এলাকায় (সিটি কর্পোরেশন ও পৌরসভা ব্যাতীত) টিসিবি'র পণ্য বিক্রি কার্যক্রমে জেলা প্রশাসন এর করণীয়:</u>**

৪.০১ **জেলা কমিটি গঠন:** নিম্ন আয়ের মানুষের নিকট ভর্তুকি মূল্যে নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রি কার্যক্রম মনিটর করার লক্ষ্যে জেলা প্রশাসক কর্তৃক নিম্নরূপপভাবে জেলা কমিটি গঠন করা হবে:

| | | | |
|---|---|---|---|
| ০১. | **জেলার সকল মাননীয় সংসদ সদস্য** | - | **উপদেষ্টা** |
| ০২. | জেলা প্রশাসক | - | সভাপতি |
| ০৩. | পুলিশ সুপার | - | সদস্য |
| ০৪. | উপ-পুলিশ কমিশনার | - | সদস্য |
| ০৫. | জেলা খাদ্য নিয়ন্ত্রক | - | সদস্য |
| ০৬. | সিটি কর্পোরেশনের প্রতিনিধি (০১ জন) | - | সদস্য |
| ০৭. | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | - | সদস্য |
| ০৮. | পৌরসভার মেয়র (সকল) | - | সদস্য |
| ০৯. | জেলা সমাজ সেবা কর্মকর্তা | - | সদস্য |
| ১০. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - | সদস্য |
| ১১. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | - | সদস্য |
| ১২. | জেলা মার্কেটিং অফিসার | - | সদস্য |
| ১৩. | সহকারি পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | - | সদস্য |
| ১৪. | টিসিবি'র স্থানীয় অফিস প্রধান | - | সদস্য |
| ১৫. | গন্যমান্য ব্যক্তি ০২ (দুই জন) (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ১৬. | Authorized Officer | - | সদস্য সচিব |

৪.০২ **জেলা কমিটির কার্য পরিধি:**

(১) করোনাকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নগদ সহায়তা প্রদানের জন্য প্রণীত ডাটাবেজ (বাণিজ্য মন্ত্রণালয়ের ই-মেইল হতে প্রেরণকৃত) সকল উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট প্রেরণ;

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অতিরিক্ত নতুন উপকারভোগীর ডাটাবেজ প্রস্তুতকরণের নিমিত্ত বাণিজ্য মন্ত্রণালয় থেকে প্রেরিত জেলা ভিত্তিক বিভাজন সকল উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট প্রেরণ;

(৩) উপজেলা মনিটরিং কমিটি কর্তৃক প্রণীত উপকারভোগীর তালিকা যাচাই-বাছাই, অনুমোদন এবং সংরক্ষণ <u>(তালিকা প্রেরণের প্রয়োজন নেই)</u>;

(৪) জেলা প্রশাসক তাঁর নিজ জেলার উপকারভোগীর সংখ্যা (উপ-অনুচ্ছেদ (১), (২), সিটি কর্পোরেশন ও পৌরসভাসহ) <u>আগামী ০৫ মার্চ ২০২২</u> তারিখের মধ্যে চেয়ারম্যান, টিসিবি বরাবর প্রেরণ করবেন এবং এক কপি এর নিকট দিবেন।

(৫) নতুন তালিকা অনুমোদনের সময় দরিদ্র, অসহায়, স্বল্প আয়ের প্রান্তিক জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিতে হবে এবং পরিবার বাছাই কালে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে;

(৬) নতুন অতিরিক্ত উপকারভোগীর ডাটাবেজ অনুমোদনের সময় পূর্বে প্রণীত ডাটাবেজ এর দ্বৈততা পরিহার করতে হবে;

(৭) অনুমোদিত উপকারভোগীর তালিকা অনুযায়ী নিম্ন আয়ের মানুষের নিকট ভর্তুকি মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি কার্যক্রম মনিটরিং করবে;

(৮) প্রণীত ডাটাবেজ অনুযায়ী 'ফ্যামিলি কার্ড' তৈরি ও প্রত্যেক পরিবারকে বিতরণ;

(৯) টিসিবি'র ডিলারদের সাথে সভা আয়োজন;

(১০) ডিলারদের নিকট মালামাল বিতরণের সময়-সূচি নির্ধারণপূর্বক স্থানীয়ভাবে ক্যালেন্ডার প্রণয়ন;

(১১) ডাটাবেজ এ অন্তর্ভূক্ত নিম্ন-আয়ের পরিবারকে রমজান শুরুর আগে ও রমজানের মাঝামাঝি মোট ০২ (দুই) বার টিসিবি'র পণ্যসামগ্রী ভর্তুকি মূল্যে বিক্রয় করতে হবে;

(১২) অসাধু লোকজন যেন টিসিবি'র পণ্য ক্রয় করে কোন দোকানে মজুদ এবং বিক্রয় করতে না পারে সে ব্যাপারে বাজার সমিতির সাথে মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ;

(১৩) ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করবে।

খন্দকার নূরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

৪.০৩ **খাদ্য গুদাম নির্বাচন ও গুদামে মালামাল সংরক্ষণ**

৪.০৩ (১) জেলা প্রশাসক জেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে আলোচনাক্রমে জেলার অব্যবহৃত খাদ্য গুদামে টিসিবি'র মালামাল সংরক্ষণ করবেন।

৪.০৩ (২) জেলা খাদ্য নিয়ন্ত্রকের আওতাধীন অব্যবহৃত খাদ্য গুদামে স্থান সংকুলান না হলে জেলা প্রশাসক তাঁর জেলার বিএডিসির গুদাম বা অন্য কোন সংস্থার গুদাম বা স্বীয় ব্যবস্থাপনায় নিরাপদে মালামাল সংরক্ষণ করবেন।

৪.০৩ (৩) পুলিশ সুপার যে সকল গুদামে টিসিবি'র পণ্য সংরক্ষণ করা হবে সে সকল গুদামের নিরাপত্তা নিশ্চিত করবেন।

৪.০৩ (৪) জেলা প্রশাসক গুদামের ধারণ ক্ষমতাসহ তথাদি চেয়ারম্যান, টিসিবি বরাবর প্রেরণ করবেন।

৪.০৩ (৫) জেলা প্রশাসকগণের চাহিদা অনুযায়ী টিসিবির আঞ্চলিক অফিস/ কেন্দ্রীয় অফিস থেকে সরাসরি জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত গুদামে পণ্য প্রেরণ করা হবে।

৪.০৩ (৬) মালামাল উপকারভোগীদের মাঝে বিতরণের লক্ষ্যে জেলা প্রশাসকগণ ক্রেতার সংখ্যা, বিক্রির সময় ও স্থান নির্ধারণপূর্বক বিক্রি ক্যালেন্ডার **(নমুনা: পরিশিষ্ট-৩)** তৈরী করবেন। কোন তারিখে, কোন স্পটে, কতজন উপকারভোগীর নিকট মালামাল বিক্রি করা হবে তা ঐ ক্যালেন্ডারে উল্লেখ থাকবে। নির্ধারিত ক্যালেন্ডারের কপি মাননীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান টিসিবি, ইউপি চেয়ারম্যান ও মেম্বার, পৌরসভার ক্ষেত্রে মেয়র ও ওয়ার্ড কমিশনার এবং সংশ্লিষ্ট সকলকে সরবরাহ করবেন এবং ফলপ্রসূ সমন্বয় করবেন।

৪.০৩ (৭) ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য সুষ্ঠুভাবে বিক্রির লক্ষ্যে জেলা প্রশাসক প্রয়োজনীয় সংখ্যক মনিটরিং টিম গঠন করবেন। এর পাশাপাশি আইন শৃংখলা রক্ষায় নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্সসহ ভ্রাম্যমাণ টিম গঠন করবেন। পুলিশ সুপার, জেলা প্রশাসকের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করবেন।

৪.০৩ (৮) টিসিবি ডিলারদের হালনাগাদ তালিকা **২৮ ফেব্রুয়ারি ২০২২** তারিখের মধ্যে সকল জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে;

৪.০৩ (৯) জেলা প্রশাসকগণ পরিপত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে টিসিবির ডিলারসহ সংশ্লিষ্টদের নিয়ে সভা করবেন।

৪.০৩ (১০) অসাধু লোকজন যাতে টিসিবি'র পণ্য ক্রয় করে কোন দোকানে মজুদ বা বিক্রি করতে না পারে সে বিষয়ে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বাজার সমিতির সাথে সভা করে মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ করবে।

৪.০৪ **Authorized Officer এর দায়িত্ব:**

৪.০৪ (১) জেলা প্রশাসক তাঁর জেলার একজন অতিরিক্ত জেলা প্রশাসককে Authorized Officer হিসেবে দায়িত্ব অর্পণ করবেন।

৪.০৪ (২) জেলা প্রশাসকের স্বাক্ষরে সোনালি ব্যাংক এ টিসিবি'র ডিলারদের টাকা জমাদানের জন্য একটি হিসাব খুলতে হবে। পরবর্তীতে জমাকৃত টাকা সাপ্তাহিক ভিত্তিতে টিসিবি'র আঞ্চলিক কার্যালয়ের হিসাবে প্রেরণ করবেন; হিসাব নম্বর পরবর্তীতে জানানো হবে।

৪.০৪ (৩) Authorized Officer চালান বা ডেলিভারী অর্ডার অনুযায়ী টিসিবির পণ্য গ্রহণ করবেন এবংরিসিভ কপি টিসিবিকে প্রদান করবেন। তিনি গৃহীত পণ্য বিতরণ, সংরক্ষণ ও স্থানীয় পর্যায়ে এ পণ্যের হিসাব সংরক্ষণ করবেন। পরবর্তীতে রেজিষ্টার-১, ২, ৩, ৪ এবং প্রেরণকৃত ছক অনুযায়ী দৈনিক প্রতিবেদন টিসিবিতে প্রেরণ করবেন।

৪.০৪ (৪) আঞ্চলিক অফিস থেকে কম দূরত্বের জেলা সমূহে Authorized Officer স্থানীয় আঞ্চলিক স্টোরে উপস্থিত থাকবেন এবং টিসিবি'র মালামাল চালান বা ডেলিভারী অর্ডার অনুযায়ী বুঝে নিবেন। এক্ষেত্রে আঞ্চলিক অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অতিরিক্ত জেলা প্রশাসকের (Authorized Officer) নিকট মালামাল বুঝিয়ে দিবেন।

৪.০৪ (৫) Authorized Officer, ওয়ার্ড/ ইউনিয়ন ভিত্তিক তালিকাভুক্ত নিম্ন আয়ের মানুষের মধ্যে ভর্তুকি মূল্যে টিসিবি'র পণ্য বিক্রির লক্ষ্যে বিক্রিযোগ্য পণ্যের পরিমান, বিক্রির স্পট, তারিখ ও সময় এবং উপকারভোগীর সংখ্যা উল্লেখপুর্বক টিসিবির **'বিক্রয় চালান ও সরবরাহ আদেশ'** এর নমুনা অনুযায়ী ডিলারের অনুকূলে বরাদ্দ পত্র ইস্যু করবেন। বরাদ্দ পত্রের এক কপি উপজেলা নির্বাহী অফিসার/ পৌরসভার মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন বরাবর প্রেরণ করবেন।


খন্দকার নূরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

৪.০৪ (৬) বিতরণের জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে দুই দিন পূর্বে ডিলারের অনুকূলে বরাদ্দ পত্র ইস্যু করতে হবে। কি পরিমাণ পণ্যের বিপরীতে কি পরিমাণ টাকা সোনালী ব্যাংকের কোন শাখায় ডিলার জমা প্রদান করবে তা বরাদ্দ পত্রে উল্লেখ করতে হবে।

৪.০৪ (৭) ডিলারগণ মালামাল প্রাপ্তি এবং বিক্রির পূর্বের দিন নির্ধারিত পরিমাণ টাকা সোনালী ব্যাংকের নির্ধারিত শাখায় জমা দিবেন। টাকা জমা প্রদানের পরবর্তী দিন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (Authorized Officer) এর নিকট জমা রশিদ দাখিলপূর্বক নির্ধারিত পরিমাণ মালামাল বুঝে নিবেন। Authorized Officer সংশ্লিষ্ট ব্যাংকে ফোন করে ডিলারের জমাকৃত অর্থ সম্পর্কে নিশ্চিত হবেন।

৪.০৪ (৮) সোনালী ব্যাংক দিন শেষে টিসিবির ডিলারদের নিকট হতে প্রাপ্ত টাকার Statement, Authorized Officer এর নিকট প্রেরণ করবে;

৪.০৪ (৯) ডিলারগণ ট্যাগ টিমের প্রত্যয়ন পত্রসহ দৈনিক বিক্রির প্রতিবেদন Authorized Officer এর নিকট দাখিল করবেন।

৪.০৫ **পণ্য প্যাকেটজাতকরণ:**

৪.০৫ (১) জেলা গোডাউনে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের তত্বাবধানে চিনি, মশুর ডাল ও ছোলা প্যাকেটজাত করা হবে।

৪.০৫ (২) প্যাকেজিং এর জন্য টিসিবি প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করবে।

৪.০৫ (৩) টিসিবি'র নমুনা অনুসারে জেলা প্রশাসকগণ সিল ও লোগোসহ প্যাকেট তৈরী করবেন। প্যাকেট ক্রয় ও প্রিন্টের জন্য টিসিবি জেলা প্রশাসকগনের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করবে। (প্যাকেটের নমুনা www.tcb.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে)

৪.০৫ (৪) জেলা প্রশাসকগণ মালামাল প্যাকেজ করে নির্দিষ্ট গুদামে সংরক্ষণ করবেন।

৪.০৫ (৫) জেলা প্রশাসকগণ প্যাকেজ বাবদ যে পরিমাণ খরচ হবে তা বিল আকারে টিসিবি'র নিকট প্রেরণ করবেন। টিসিবি ও বাণিজ্য মন্ত্রণালয় বিল পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪.০৫ (৬) প্যাকেটজাতকরণে কোন পণ্যের ঘাটতি দেখা দিলে সর্বোচ্চ অতিরিক্ত ২% সমন্বয় বরাদ্দ প্রদান করা হবে।

## ৫.০০ উপজেলা নির্বাহী অফিসার এর করণীয়:

### ৫.০১ উপকারভোগী বাছাই, তালিকা প্রণয়ন ও ফ্যামিলি কার্ড ইস্যু:

৫.০১ (১) উপজেলা কমিটির পরামর্শক্রমে উপকারভোগীদের তালিকা জেলা প্রশাসকের নিকট প্রেরণ এবং ফ্যামিলি কার্ড ইস্যু;

৫.০১ (২) জেলা প্রশাসকের নিকট থেকে উপজেলার জন্য নির্ধারিত ডিলারের তালিকা সংগ্রহ;

৫.০১ (৩) প্রতিজন উপকারভোগীর জন্য দুই প্রস্থ ফ্যামিলি কার্ড তৈরী করে এক প্রস্থ উপকারভোগীর নিকট অপর প্রস্থ নির্ধারিত ইউনিয়নের দায়িত্ব প্রাপ্ত ডিলারের নিকট প্রেরণ করবে;

৫.০১ (৪) ইউনিয়ন ভিত্তিক উপকারভোগীর সংখ্যা, বিক্রির স্পট, তারিখ ও সময় নির্ধারণ করতঃ বিক্রয় ক্যালেন্ডার প্রণয়নপূর্বক ইউপি চেয়ারম্যান, ট্যাগ টিম, Authorized Officer এবং জেলা প্রশাসককে অবহিত করবে।

৫.০১ (৫) মালামাল বিক্রির জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে ৪ (চার) দিন পূর্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মেম্বার, ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারি কর্মকর্তা, গ্রাম পুলিশসহ সম্ভাব্য সকল মাধ্যম ব্যবহার করে টিসিবির পণ্য বিক্রির স্পট, তারিখ এবং সময় ফ্যামিলি কার্ড হোল্ডারদের অবহিত করবে।

### ৫.০২ বিক্রি কার্যক্রম মনিটরিং:

৫.০২ (১) Authorized Officer এর নিকট হতে সংশ্লিষ্ট ডিলার কর্তৃক জেলা/নির্ধারিত গুদাম থেকে নির্ধারিত তারিখে পণ্য উত্তোলন এবং উত্তোলিত পণ্য ভর্তুকি মূল্যে তালিকাভুক্ত উপকারভোগীদের নিকট বিক্রি নিশ্চিত করবে।

৫.০২ (২) ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করবে;

৫.০২ (৩) টিসিবি'র মালামাল পরিবহন ও বিতরণকালে নিরাপত্তা বিধানের লক্ষ্যে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানাবেন।

খন্দকার নূরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

**৫.০৩ উপজেলা কমিটি গঠন:**

৫.০৩ (১) নিম্ন আয়ের মানুষের নিকট ভর্তুকি মূল্যে নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রি কার্যক্রম তদারকি করার লক্ষ্যে নিম্নরুপপভাবে **উপজেলা কমিটি গঠন করা হবে:**

| | | | |
|---|---|---|---|
| ০১. | **মাননীয় সংসদ সদস্য** | - | **প্রধান উপদেষ্টা** |
| ০২. | উপজেলা চেয়ারম্যান | - | **উপদেষ্টা** |
| ০৩. | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| ০৪. | ভাইস চেয়ারম্যান (সংরক্ষিত মহিলা আসন) উপজেলা পরিষদ | - | সদস্য |
| ০৫. | ভাইস চেয়ারম্যান সংশ্লিষ্ট উপজেলা পরিষদ | - | সদস্য |
| ০৬. | সংশ্লিষ্ট উপজেলায় অবস্থিত পৌরসভার মেয়র (যদি থাকে) | | |
| ০৭. | ভারপ্রাপ্ত কর্মকর্তা | - | সদস্য |
| ০৮. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | সদস্য |
| ০৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| ১০. | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | - | সদস্য |
| ১১. | গন্যমান্য ব্যাক্তি ০২ (দুই) জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ১২. | সকল ইউপি চেয়ারম্যান | - | সদস্য |
| ১৩. | সহকারী কমিশনার (ভূমি) [যে সকল উপজেলায় সহকারি কমিশনার (ভূমি) কর্মরত নেই সে সকল উপজেলায় 'উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা'] | - | সদস্য সচিব |

৫.০৩ (২) **কমিটির কার্য পরিধি:**

(ক) উপজেলা কমিটির পরামর্শক্রমে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক নতুনভাবে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী (করোনাকালে নগদ আর্থিক সহায়তা প্রাপ্তদের তালিকা ব্যাতীত) ইউনিয়ন/ ওয়ার্ড ভিত্তিক উপকারভোগী বাছাই ও তালিকা প্রণয়ন করবে; (নিম্নের ছক অনুযায়ী Excel শীট ব্যবহার করা যেতে পারে):

| SL_No | Division | District | Upazila | Union | Ward_No | Mobile_No | NID_No | Smart_ID_No | Beneficiary_Name | Profession |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|

(খ) করোনাকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নগদ সহায়তা প্রদানের জন্য প্রণীত ডাটাবেজে বর্ণিত (জেলা প্রশাসক হতে প্রাপ্ত) উপকারভোগীদের ইউনিয়ন/ ওয়ার্ড ভিত্তিক তালিকা প্রণয়ন;

(গ) নতুন তালিকা প্রণয়নের সময় দরিদ্র, অসহায়, স্বল্প আয়ের প্রান্তিক জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিতে হবে এবং পরিবার বাছাই কালে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে;

(ঘ) উপ-অনুচ্ছেদ (ক) ও (খ) এর নির্বাচিত উপকারভোগীদের তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসকের নিকট প্রেরণ;

(ঙ) জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত উপকারভোগীদের অনুকূলে ফ্যামিলি কার্ড ইস্যু;

(চ) ভর্তুকি মূল্যে নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রি কার্যক্রম মনিটর করবে ;

(ছ) অসাধু লোকজন যেন টিসিবি'র পণ্য ক্রয় করে কোন দোকানে মজুদ এবং বিক্রয় করতে না পারে সে ব্যাপারে বাজার সমিতির সাথে মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ;

(জ) ট্যাগ টিমের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করবে।

৫.০৩ (৩) **উপজেলা নির্বাহী অফিসার ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য বিক্রি কার্যক্রম তদারক করার লক্ষ্যে প্রতি ইউনিয়নের জন্য একটি করে ট্যাগ টীম গঠন করবেন।**

খন্দকার নূরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

৫.০৩ (৪) **ইউনিয়ন ট্যাগ টিম:**

| | | | |
|---|---|---|---|
| ০১. | চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ) | - | আহ্বায়ক |
| ০২. | ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যসহ সকল সদস্য | - | সদস্য |
| ০৩. | ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারি কর্মকর্তা | - | সদস্য |
| ০৪. | ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন সাব-ইন্সপেক্টর | - | সদস্য |
| ০৫. | দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসার | - | সদস্য সচিব |

৫.০৩ (৫) **ট্যাগ টিমের দায়িত্ব:**

(ক) ট্যাগ টিম Authorized Officer কর্তৃক ইস্যুকৃত চালান/ডিও অনুযায়ী সরবরাহকৃত মালামাল পরিক্ষা করে গ্রহণ করবে;

(খ) ট্যাগ টিমের সকল সদস্য পণ্য বিক্রয়কালে সার্বক্ষণিকভাবে উপস্থিত থাকবে। টিসিবি'র মালামাল বিক্রয় শেষ না হওয়া পর্যন্ত নির্ধারিত স্পটে অবস্থান করবেন;

(গ) পণ্য বিক্রয় শেষে প্রত্যয়ন করবে **[(নমুনা: পরিশিষ্ট-১ (ঘ)]**;

(ঘ) ট্যাগ টিমের উপস্থিতিতে নিত্য প্রয়োজনীয় মালামাল বিক্রির ক্ষেত্রে ডিলারের কাছে সংরক্ষিত কপিতে উপকারভোগী **'বুঝিয়া পাইলাম'** লিখে স্বাক্ষর করবেন এবং উপকারভোগীর কপিতে ডিলার **'বুঝাইয়া দিলাম'** লিখে স্বাক্ষর করবেন; ট্যাগ টিম এ বিষয়টি নিশ্চিত করবে;

(ঙ) ট্যাগ টিমের সদস্য সচিব মালামাল বিতরণের সুবিধার্থে চালান সংরক্ষণ করবেন;

(চ) উপজেলা নির্বাহী অফিসার /সহকারী কমিশনার (ভূমি) মালামাল বিক্রি শেষে সংশ্লিষ্ট স্পট ভিজিট করবেন এবং ট্যাগ টিমের প্রতিবেদন যাচাই করে প্রতিস্বাক্ষর করবেন;

(ছ) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা টিসিবি'র মালামাল পরিবহন ও বিতরণকালে নিরাপত্তা নিশ্চিত করবেন;

(জ) তালিকাভূক্ত উপকারভোগী উপস্থিত না হওয়ার কারণে পণ্য অবিক্রিত থাকলে ট্যাগ টিমের প্রত্যয়নের ভিত্তিতে একটি রেজিস্টারে **[(নমুনা: পরিশিষ্ট-২ (গ)]** লিপিবদ্ধ করে উপস্থিত নিম্ন আয়ের মানুষের মাঝে ডিলার মালামাল বিক্রয় করতে পারবে । ট্যাগ টিমএ বিষয়ে Authorized Officer এর নিকট একটি সংক্ষিপ্ত প্রতিবেদন দিবে। এ প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) পরীক্ষান্তে প্রতিস্বাক্ষর করবেন।

(ঝ) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়োজিত ট্যাগ অফিসার বিক্রি কার্যক্রম সার্বিকভাবে সমন্বয় করবেন।

৬.০০ সকল কমিটি/ মনিটরিং টিমে প্রয়োজনে সদস্য কো-অপট করা যাবে।

৭.০০ **তিন পার্বত্য জেলার জেলা প্রশাসক টিসিবি'র পণ্য (চিনি, সয়াবিন তেল, মশুর ডাল, পেঁয়াজ, ছোলা ও খেজু) এর চাহিদা আগামি ০৫ মার্চ ২০২২ টিসিবিকে জানাবেন।**

৮.০০ **পার্বত্য জেলা ও হাওর অঞ্চলের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক তাঁর নিজস্ব পরিকল্পনা অনুযায়ী পণ্য বিক্রি বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন এবং বাণিজ্য মন্ত্রণালয় ও টিসিবিকে অবহিত করবেন।**

৯.০০ উপকারভোগীর অনুকূলে ফ্যামিলি কার্ড মুদ্রণের ক্ষেত্রে সম্ভব হলে QR কোডে করা যেতে পারে। কার্ডের নম্বর প্রদানের ক্ষেত্রে বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়নের জিও কোড ব্যবহার করা যেতে পারে। **QR কোডে সম্ভব না হলে মুদ্রণকৃত কার্ডে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার স্বাক্ষর করবেন।**

১০.০ **বাণিজ্য মন্ত্রণালয় হতে ইতিপূর্বে জারীকৃত এ সংক্রান্ত প্রজ্ঞাপন, পরিপত্র-১ এবং পরিপত্র-২ এর সাথে কোন অসংগতি পরিলক্ষিত হলে এ পরিপত্র প্রাধান্য পাবে।**

১১.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ **পরিপত্র** অবিলম্বে কার্যকর হবে।

২৭/০২/২০২২

(খন্দকার নূরুল হক)
উপসচিব
ফোন: ৯৫৪৯৫৭১
ই-মেইল: iit3@mincom.gov.bd

স্মারক নম্বর ২৬.০০.০০০০.১১৩.০৬.০৩৯.২০.১০২ (১৫৪৯)

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮
২৭ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৮. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সচিব, সমাজকল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
১৩. বিভাগীয় কমিশনার (সকল) ....................................বিভাগ
১৪. ডিআইজি (সকল)..................................................রেঞ্জ
১৫. পুলিশ কমিশনার (সকল).............................................মেট্রোপলিটন পুলিশ
১৬. প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল)........................................ সিটি কর্পোরেশন
১৭. চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা
১৮. জেলা প্রশাসক (সকল).................................................জেলা
১৯. পুলিশ সুপার (সকল)..................................................জেলা
২০. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)...........................উপজেলা.................. জেলা
২১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..........................উপজেলা..................... জেলা
২২. মেয়র (সকল)..........................................পৌরসভা......................... জেলা

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)**

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. সহকারি প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৭/০২/২০২২

(খন্দকার নূরুল হক)
উপসচিব
ফোন: ৯৫৪৯৫৭১

# পরিশিষ্ট-১ (ক)

**আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে ঢাকা উত্তর/দক্ষিণ ও বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় টিসিবি'র পণ্য বিক্রি কার্যক্রম_২০২২**

## ট্যাগ টিমের প্রত্যয়ন পত্র

অদ্য .................. **তারিখ টিসিবি'র ডিলার নিম্নবর্ণিত পণ্য সামগ্রী গ্রহণ করেন যা পরিক্ষা করে সঠিক পাওয়া যায়:**

১. চিনি : .........কেজি ২. সয়াবিন তেল : .........লিটার ৩. মশুর ডাল : .........কেজি
৪. ছোলা : .........কেজি ৫. খেজুর : .........কেজি ৬. পেঁয়াজ : .........কেজি

এবং অদ্য.......................... তারিখ; সকাল/বিকাল...............ঘটিকা হতে ...............ঘটিকা পর্যন্ত; ........................................................... স্থানে;.........নং ওয়ার্ড............থানা: ...........................জেলা: ..................... সিটি কর্পোরেশন এলাকায় টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় পণ্য আমাদের উপস্থিতিতে সাশ্রয়ী মূল্যে বিক্রি করা হয়; প্রতি পরিবারের জন্য একটি প্যাকেজে চিনি: ...........কেজি; সয়াবিন তেল:............লিটার; মশুর ডাল:......কেজি; ছোলা ........... কেজি; খেজুর............... কেজি এবং পেঁয়াজ ............ কেজি অন্তর্ভূক্ত ছিলো।

পণ্য বিক্রিকালে অনিয়ম পরিলক্ষিত হয়েছে/হয়নি। (অনিয়ম হলে সংক্ষেপে বর্ণনা): ..........................................................................................................

| ওয়ার্ড সচিবের স্বাক্ষর | স্যানিটারি ইন্সপেক্টরের স্বাক্ষর | সহকারি সমাজকল্যাণ কর্মকর্তার স্বাক্ষর | পুলিশ কমিশনার/ পুলিশ সুপার মনোনীত সাব-ইন্সপেক্টরের স্বাক্ষর | ওয়ার্ড কাউন্সিলরের স্বাক্ষর |
|---|---|---|---|---|

খন্দকার নূরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

# পরিশিষ্ট-১ (খ)

## আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে অন্যান্য সিটি কর্পোরেশন (ঢাকা উত্তর/দক্ষিণ ও বরিশাল সিটি কর্পোরেশন ব্যতীত) এলাকায় টিসিবি'র পণ্য বিক্রি কার্যক্রম_২০২২

## ট্যাগ টিমের প্রত্যয়ন পত্র

অদ্য .................. তারিখ টিসিবি'র ডিলার নিম্নবর্ণিত পণ্য সামগ্রী গ্রহণ করেন যা পরিক্ষা করে সঠিক পাওয়া যায়:

| | | | |
|---|---|---|---|
| ১. চিনি : .........কেজি | ২. সয়াবিন তেল : .........লিটার | ৩. মশুর ডাল : .........কেজি |
| ৪. ছোলা : .........কেজি | ৫. খেজুর : .........কেজি | ৬. পেঁয়াজ : .........কেজি |

এবং অদ্য.......................... তারিখ; সকাল/বিকাল...............ঘটিকা হতে ...............ঘটিকা পর্যন্ত; ............................................................ স্থানে;.........নং ওয়ার্ড............থানা: ..........................জেলা: ..................... সিটি কর্পোরেশন এলাকায় টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় পণ্য 'টিসিবি'র ফ্যামিলি কার্ডধারীগণের' নিকট আমাদের উপস্থিতিতে সাশ্রয়ী মূল্যে বিক্রি করা হয়; বিক্রিকালে সংশ্লিষ্ট ডিলারের কাছে সংরক্ষিত কপিতে উপকারভোগী **'বুঝিয়া পাইলাম'** লিখে স্বাক্ষর করেছেন এবং উপকারভোগীর কপিতে ডিলার **'বুঝাইয়া দিলাম'** লিখে স্বাক্ষর করেছেন;

প্রতি পরিবারের জন্য একটি প্যাকেজে চিনি: ..........কেজি; সয়াবিন তেল:............লিটার; মশুর ডাল:......কেজি; ছোলা ............ কেজি; খেজুর.............. কেজি এবং পেঁয়াজ ............ কেজি অন্তর্ভূক্ত ছিলো।

পণ্য বিক্রিকালে কোন অনিয়ম পরিলক্ষিত হয়নি। (অনিয়ম হলে সংক্ষেপে বর্ণনা): ..........................................................................................................

| | | | | |
|---|---|---|---|---|
| ওয়ার্ড সচিবের স্বাক্ষর | স্যানিটারি ইন্সপেক্টরের স্বাক্ষর | সহকারি সমাজকল্যাণ কর্মকর্তার স্বাক্ষর | পুলিশ কমিশনার/ পুলিশ সুপার মনোনীত সাব-ইন্সপেক্টরের স্বাক্ষর | ওয়ার্ড কাউন্সিলরের স্বাক্ষর |

খন্দকার নুরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

# পরিশিষ্ট-১ (গ)

**আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে সকল পৌরসভা এলাকায় টিসিবি'র পণ্য বিক্রি কার্যক্রম_২০২২**

## ট্যাগ টিমের প্রত্যয়ন পত্র

অদ্য .................. **তারিখ টিসিবি'র ডিলার নিম্নবর্ণিত পণ্য সামগ্রী গ্রহণ করেন যা পরিক্ষা করে সঠিক পাওয়া যায়:**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | চিনি | : .........কেজি | ২. | সয়াবিন তেল | : .........লিটার | ৩. | মশুর ডাল | : .........কেজি |
| ৪. | ছোলা | : .........কেজি | ৫. | খেজুর | : .........কেজি | ৬. | পেঁয়াজ | : .........কেজি |

এবং অদ্য.......................... তারিখ; সকাল/বিকাল...............ঘটিকা হতে ...............ঘটিকা পর্যন্ত; ........................................................ স্থানে;.........নং ওয়ার্ড...........থানা: ..........................জেলা: .................... পৌরসভা এলাকায় টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় পণ্য 'টিসিবি'র ফ্যামিলি কার্ডধারীগণের' নিকট আমাদের উপস্থিতিতে সাশ্রয়ী মূল্যে বিক্রি করা হয়; বিক্রিকালে সংশ্লিষ্ট ডিলারের কাছে সংরক্ষিত কপিতে উপকারভোগী **'বুঝিয়া পাইলাম'** লিখে স্বাক্ষর করেছেন এবং উপকারভোগীর কপিতে ডিলার **'বুঝাইয়া দিলাম'** লিখে স্বাক্ষর করেছেন;

প্রতি পরিবারের জন্য একটি প্যাকেজে চিনি: ..........কেজি; সয়াবিন তেল:............লিটার; মশুর ডাল:......কেজি; ছোলা ........... কেজি; খেজুর.............. কেজি এবং পেঁয়াজ ............ কেজি অন্তর্ভূক্ত ছিলো।

পণ্য বিক্রিকালে কোন অনিয়ম পরিলক্ষিত হয়নি। (অনিয়ম হলে সংক্ষেপে বর্ণনা): ..............................................................................................................

| সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের স্বাক্ষর | ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারি কর্মকর্তার স্বাক্ষর | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মনোনীত সাব-ইন্সপেক্টরের স্বাক্ষর | দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারের স্বাক্ষর |
|---|---|---|---|

খন্দকার নুরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

# পরিশিষ্ট-১ (ঘ)

**আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদ এলাকায় টিসিবি'র পণ্য বিক্রি কার্যক্রম_২০২২**

## ট্যাগ টিমের প্রত্যয়ন পত্র

অদ্য .................. **তারিখ টিসিবি'র ডিলার নিম্নবর্ণিত পণ্য সামগ্রী গ্রহণ করেন যা পরিক্ষা করে সঠিক পাওয়া যায়:**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | চিনি | : .........কেজি | ২. | সয়াবিন তেল | : .........লিটার | ৩. | মশুর ডাল | : .........কেজি |
| ৪. | ছোলা | : .........কেজি | ৫. | খেজুর | : .........কেজি | ৬. | পেঁয়াজ | : .........কেজি |

এবং অদ্য........................... তারিখ; সকাল/বিকাল...............ঘটিকা হতে ...............ঘটিকা পর্যন্ত; ............................................................ স্থানে;.........নং ওয়ার্ড.................. ইউনিয়ন............... উপজেলা ..........................জেলায় এলাকায় টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় পণ্য 'টিসিবি'র ফ্যামিলি কার্ডধারীগণের' নিকট আমাদের উপস্থিতিতে সাশ্রয়ী মূল্যে বিক্রি করা হয়; বিক্রিকালে সংশ্লিষ্ট ডিলারের কাছে সংরক্ষিত কপিতে উপকারভোগী **'বুঝিয়া পাইলাম'** লিখে স্বাক্ষর করেছেন এবং উপকারভোগীর কপিতে ডিলার **'বুঝাইয়া দিলাম'** লিখে স্বাক্ষর করেছেন;

প্রতি পরিবারের জন্য একটি প্যাকেজে চিনি: ..........কেজি; সয়াবিন তেল:............লিটার; মশুর ডাল:......কেজি; ছোলা ............ কেজি; খেজুর............... কেজি এবং পেঁয়াজ ............ কেজি অন্তর্ভূক্ত ছিলো।

পণ্য বিক্রিকালে কোন অনিয়ম পরিলক্ষিত হয়নি। (অনিয়ম হলে সংক্ষেপে বর্ণনা): ..............................................................................................................

| দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারের স্বাক্ষর | সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য/মহিলা সদস্যের স্বাক্ষর | ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারি কর্মকর্তার স্বাক্ষর | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মনোনীত সাব-ইন্সপেক্টরের স্বাক্ষর | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের স্বাক্ষর |
|---|---|---|---|---|

খন্দকার নূরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

## অবিক্রিত রেজিষ্টার [পরিশিষ্ট-২ (ক)]

[অন্যান্য সিটি কর্পোরেশনের জন্য (ঢাকা উত্তর/দক্ষিণ ও বরিশাল সিটি কর্পোরেশন ব্যাতীত)]

### ছক-১

### (উপস্থিত কার্ডধারী/ উপকারভোগীর তথ্য)

| তারিখ | সিটি কর্পোরেশনের নাম | ওয়ার্ড নম্বর | মোট কার্ডধারী | উপস্থিত | অনুপস্থিত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

### ছক-২

### (অনুপস্থিত কার্ডধারীগণের সংখ্যা পূরণের জন্য তাৎক্ষনিক উপস্থিত উপকারভোগীর তথ্য)

| তারিখ | সিটি কর্পোরেশনের নাম | ওয়ার্ড নম্বর | উপকারভোগীর নাম, পিতা ও মাতার নাম | পূর্ণ ঠিকানা | জাতীয় পরিচয়পত্র নম্বর | মোবাইল নম্বর | উপকারভোগীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

(ওয়ার্ড সচিব) (স্যানিটারি ইন্সপেক্টর) (সহকারি সমাজকল্যাণ কর্মকর্তা) (পুলিশ কমিশনার/ পুলিশ সুপারের প্রতিনিধি) (ওয়ার্ড কাউন্সিলর)

**প্রতিস্বাক্ষরিত**

(আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা/ রাজস্ব কর্মকর্তা/ এস্টেট অফিসার)
এর স্বাক্ষর ও সিল)

খন্দকার নূরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

বি: দ্রষ্টব্য: প্রতি দিনের জন্য পৃথক পৃথক প্রতিবেদন সংরক্ষণ করতে হবে।

## অবিক্রিত রেজিষ্টার [(পরিশিষ্ট-২ (খ)]

(পৌরসভা এলাকার জন্য)

**ছক-১**

**(উপস্থিত কার্ডধারী/ উপকারভোগীর তথ্য)**

| তারিখ | পৌরসভার নাম | ওয়ার্ড নম্বর | মোট কার্ডধারী | উপস্থিত | অনুপস্থিত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

**ছক-২**

**(অনুপস্থিত কার্ডধারীগণের সংখ্যা পূরণের জন্য তাৎক্ষনিক উপস্থিত উপকারভোগীর তথ্য)**

| তারিখ | পৌরসভার নাম | ওয়ার্ড নম্বর | উপকারভোগীর নাম, পিতা ও মাতার নাম | পূর্ণ ঠিকানা | জাতীয় পরিচয়পত্র নম্বর | মোবাইল নম্বর | উপকারভোগীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের স্বাক্ষর

ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারি কর্মকর্তার স্বাক্ষর

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মনোনীত সাব-ইন্সপেক্টরের স্বাক্ষর

দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারের স্বাক্ষর

খন্দকার নুরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

বি: দ্রষ্টব্য: প্রতি দিনের জন্য পৃথক পৃথক প্রতিবেদন সংরক্ষণ করতে হবে।

**অবিক্রিত রেজিষ্টার [(পরিশিষ্ট-২ (গ)]**

**(সকল ইউনিয়ন পরিষদের জন্য)**

**ছক-১**

**(উপস্থিত কার্ডধারী/ উপকারভোগীর তথ্য)**

| তারিখ | ইউনিয়ন পরিষদের নাম | ওয়ার্ড নম্বর | মোট কার্ডধারী | উপস্থিত | অনুপস্থিত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

**ছক-২**

**(অনুপস্থিত কার্ডধারীগণের সংখ্যা পূরণের জন্য তাৎক্ষনিক উপস্থিত উপকারভোগীর তথ্য)**

| তারিখ | ইউনিয়ন পরিষদের নাম | ওয়ার্ড নম্বর | উপকারভোগীর নাম, পিতা ও মাতার নাম | পূর্ণ ঠিকানা | জাতীয় পরিচয়পত্র নম্বর | মোবাইল নম্বর | উপকারভোগীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারের স্বাক্ষর | সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য/মহিলা সদস্যের স্বাক্ষর | ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ-সহকারি কর্মকর্তার স্বাক্ষর | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মনোনীত সাব-ইন্সপেক্টরের স্বাক্ষর | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের স্বাক্ষর |

**প্রতিস্বাক্ষরিত**

[সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ সহকারি কমিশনার (ভূমি) এর স্বাক্ষর ও সিল]

খন্দকার নূরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

# পরিশিষ্ট-৩

**টিসিবি'র পণ্য বিক্রির ক্যালেন্ডার (জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত)**

| ক্র নং | সিটি কর্পোরেশন/ উপজেলা/ পৌরসভা/ ইউনিয়ন-এর নাম | তারিখ ও সময় | পণ্য বিক্রির স্থান | মোট কার্ডধারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

জেলা প্রশাসকের স্বাক্ষর

খন্দকার নূরুল হক
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়